

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর (পিআইডি)



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী

নম্বর: ৪৮

ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের আয়োজনে ময়মনসিংহ-এ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

ময়মনসিংহ (০৩ মে, ২০২৩ খ্রি.):

আজ ০৩ মে বুধবার বেলা ১১.৩০ টায় ময়মনসিংহ বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলনকক্ষে ‘ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক’ এক কর্মশালা অনুষ্ঠিত হয়। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) মোহাম্মদ আনোয়ার হোসেন এর সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার মো. শফিকুর রেজা বিশ্বাস।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও ইসলামিক ফাউন্ডেশন, ময়মনসিংহ কর্তৃক আয়োজিত কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন ময়মনসিংহ রেঞ্জ ডিআইজি দেবদাস ভট্টাচার্য্য, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সমন্বয় ও সংস্কার বিভাগের যুগ্মসচিব মোহাম্মদ আবদুল কাদের শেখ।

প্রধান অতিথির বক্তৃতায় বিভাগীয় কমিশনার বলেন, হজ আমাদের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। হজ বিষয়ে আমাদের মনে অনেক প্রশ্ন আসে। আজকের এই উদ্ভাবনী বিষয়ের সাথে সংশ্লিষ্ট রেখে আমি বলতে চাই যে, আমাদের জীবনের সকল ক্ষেত্রেই উদ্ভাবনীর তথা উদ্ভাবনের সুযোগ রয়েছে। আমরা হজের ক্ষেত্রেও যদি উদ্ভাবনী কিছু করতে পারি তাহলে ব্যক্তি জীবনের ক্ষেত্রে ও রাষ্ট্রীয় পর্যায়ে হজ পালনে সহজ হবে। এতে সময় কম লাগবে ও খরচ কমে যাবে, যেটাকে আমরা টিসিভি (TCV) বলে আখ্যায়িত করি।

বিশেষ অতিথির বক্তৃতায় রেঞ্জ ডিআইজি বলেন, সরকারের প্রত্যেকটি সেক্টরে সেবা সহজিকরণ করা হয়েছে। প্রাত্যহিক জীবনে ধর্ম একটি গুরুত্বপূর্ণ অনুষ্ণা, যে কারণে হজ ব্যবস্থাপনা বিষয়ে সেবা সহজিকরণে চিন্তা ভাবনা করছি। তদুপ, আমরা যদি ওয়াজ মাহফিল ব্যবস্থাপনা অর্থাৎ ওয়াজ মাহফিলে বক্তাদের সরকারিভাবে নিয়ন্ত্রণে আনা যায় তাহলে সমাজে বিশৃঙ্খলা কমে যেতে পারে। ওয়াজ করার নামে অনেক ধর্মীয় উগ্রপন্থি বক্তরা সমাজে অস্থিতিশীলতা সৃষ্টি করছে। সরকারের সমৃদ্ধ বাংলাদেশ ও আমাদের উন্নয়নের এই দেশে আমরা যদি অনেকটাই নিরাপদে থাকতে চাই তাহলে এসব বক্তাদের কাছ থেকে সতর্ক থাকতে হবে। এতে করে, বিশৃঙ্খলা ও সহিংসতা কমে আসবে।

কর্মশালায় ইসলামিক ফাউন্ডেশন, ময়মনসিংহের বিভাগীয় পরিচালকসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ, ময়মনসিংহ বিভাগীয় ও জেলা পর্যায়ের বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

#

ফয়সাল/মনির/রিদওয়ান/সজিব/২০২৩/১৫:৪০ ঘণ্টা